

বাংলাদেশ ডিগনিটি ফোরাম

সমমর্যাদাশীল সমাজ ও
শাসন ব্যবস্থা গড়ে তুলতে
আপনার অংশগ্রহণ
অপরিহার্য।



সিভিক বাংলাদেশ



‘মর্যাদা গণতন্ত্রের পরবর্তী
বিবর্তনশীল ধাপ।’

- রবার্ট ফুলার

সমমর্যাদার
সর্বজনীন অধিকার
প্রতিষ্ঠায় অংশ নিন।

বাংলাদেশ ডিগনিটি ফোরাম

সচিবালয়

সিভিক বাংলাদেশ

কল্পনা সুন্দর: এ-২

১৩/১৪ বাবর রোড (ব্লক-বি)

মোহাম্মদপুর, ঢাকা -১২০৭

বাংলাদেশ

টেলিফোন: ৫৮১৫১৮৯৩ (ল্যান্ড), ০১৭১২-৫১৯৫৬২ (মোবা.)

ইমেইল: dignity@civicbd.org,

dignitybd@gmail.com, bdawla@gmail.com

ওয়েবসাইট: civicbd.org

সমমর্যাদা...

এখন সময়ের দাবি!

মর্যাদা একটি মৌলিক মানবিক
চাহিদা যা প্রত্যেকেই চায়।
আপনিও চান। একজন মর্যাদাকামী
মানুষ হিসেবে আপনার এখন কাজ
হলো আপনার দাবিকে জনদাবিতে
পরিণত করা। আপনার কণ্ঠেও
ধ্বনিত হোক:

সমমর্যাদা আমার জন্মগত

সাংবিধানিক অধিকার।

এ অধিকার অন্য সবার।

একমাত্র ঐক্যবদ্ধ দাবিই পারে
অসুস্থ অগতঃযোগ্য বাস্তবতাকে
বদলে দিতে।



মর্যাদা
আপনার
অধিকার।
এ অধিকার
অন্যেরও।



বাংলাদেশ ডিগনিটি

ফোরাম সমমর্যাদার সর্বজনীন ও সাংবিধানিক অধিকার প্রতিষ্ঠায় ও কর্মরত, নিবেদিত ও প্রতিশ্রুতিবদ্ধ তৃণমূল থেকে জাতীয় পর্যায়ের বিভিন্ন সহযোগী সংগঠন ও ব্যক্তির সমন্বয়ে গড়ে ওঠা একটি নাগরিক প্লাটফর্ম। উন্নয়ন সংস্থা সিডিক বাংলাদেশ ২০০৬ সালে বাংলাদেশ ডিগনিটি ফোরাম প্রতিষ্ঠা করে।

উল্লেখ্য, সিডিক বাংলাদেশ একটি জনকল্যাণমূলক, অলাভজনক ও নির্দলীয় উন্নয়ন সংগঠন হিসেবে ২০০৫ সালে প্রতিষ্ঠালাভ করে, ২০০৬ সালে 'ট্রাস্ট' হিসেবে নিবন্ধিত হয়, এবং ২০১২ সালে এনজিও ব্যুরোর নিবন্ধন প্রাপ্ত হয়।

মর্যাদার সংস্কৃতি সৃষ্টির মাধ্যমে বাংলাদেশে একটি মর্যাদাশীল সমাজ বিনির্মাণে জনঅংশগ্রহণকে উৎসাহিত করার প্রাতিষ্ঠানিক উদ্যোগ হলো বাংলাদেশ ডিগনিটি ফোরাম। এই ফোরাম বাংলাদেশ সংবিধানে প্রতিশ্রুত ও সর্বজনীন মানবাধিকার সনদে স্বীকৃত মানবমর্যাদার অধিকার প্রতিষ্ঠার কাজে নিয়োজিত ও নিবেদিত।

বাংলাদেশ তার ইতিহাসের গোড়াতেই ১৯৭১ সালের ১০ এপ্রিল স্বাধীনতার ঘোষণাপত্রে 'বাংলাদেশের জনগণের জন্য সমতা, মানব মর্যাদা ও সামাজিক ন্যায়বিচারের নিশ্চয়তা প্রদান' করেছে। বাংলাদেশ সংবিধানের ১১ অনুচ্ছেদে বলা হয়েছে:

'প্রজাতন্ত্র হইবে একটি গণতন্ত্র, যেখানে মৌলিক মানবাধিকার ও স্বাধীনতার নিশ্চয়তা থাকিবে, মানব সত্তার মর্যাদা ও মূল্যের প্রতি শ্রদ্ধাবোধ নিশ্চিত হইবে।'

এছাড়া, সর্বজনীন মানবাধিকার ঘোষণার প্রথম অনুচ্ছেদে বলা হয়েছে:

'মানুষ জন্মগতভাবে স্বাধীন এবং মর্যাদা ও অধিকারে সমান।'

মানব মর্যাদার সাংবিধানিক অঙ্গীকার ও আন্তর্জাতিক স্বীকৃতি বাস্তবায়নের জন্য বাংলাদেশ ডিগনিটি ফোরাম তৃণমূল থেকে আন্তর্জাতিক পর্যায় পর্যন্ত বিভিন্ন স্তরে সচেতনতা তৈরি, নেটওয়ার্কিং ও অ্যাডভোকেসি কর্মকাণ্ড পরিচালনা করছে।

লক্ষ্য

সমমর্যাদার সর্বজনীন ও সাংবিধানিক অধিকার প্রতিষ্ঠার জন্য জনঅংশ-গ্রহণমূলক অহিংস সামাজিক আন্দোলন গড়ে তোলা।

উদ্দেশ্য

- সুশীলতা ও নশ্রতার মূল্যবোধের উৎকর্ষ সাধন করা;
- পারস্পারিক শ্রদ্ধাবোধ, সহযোগিতা, অহিংসা, সম্প্রীতি ও শান্তির চেতনার উন্মেষ ঘটানো;
- মতপার্থক্য, বৈচিত্র্য ও ভিন্নতার প্রতি সহিষ্ণুতা ও সম্মান প্রদর্শনের মূল্যবোধ লালন ও অনুশীলন করা; এবং
- পদমর্যাদাবাদের অপশক্তি ও পদমর্যাদা-সংশ্লিষ্ট ক্ষমতার অপব্যবহার রোধ করা।



কৌশল

- বিভিন্ন বিভাগ, মেট্রোপলিটন শহর, জেলা ও উপজেলায় ফোরামের সাংগঠনিক কর্মকাণ্ড সম্প্রসারণ, শক্তিশালী ও মজবুত করা;
- শিক্ষণ-প্রশিক্ষণ ও প্রচারণার মাধ্যমে সমমর্যাদার সর্বজনীন অধিকার সম্পর্কে জনসচেতনতা তৈরি করা বা তৈরিতে কারিগরী সহায়তা প্রদান করা;
- সমমর্যাদার অধিকার প্রতিষ্ঠার অহিংস সামাজিক আন্দোলনে বিভিন্ন শ্রেণী-পেশা-ধর্ম-বর্ণ-লিঙ্গ নির্বিশেষে সমমর্যাদাকামী মানুষের অংশগ্রহণ উৎসাহিত ও নিশ্চিত করা; এবং
- জাতীয় নীতিমালা, আইন, বিধান-প্রবিধান, নির্দেশনা ও সিদ্ধান্তসমূহে প্রয়োজনীয় সংস্কারে সংগঠিত, সমন্বিত উদ্যোগ গ্রহণ করা।

কর্মকাণ্ড

- সমাজের বিভিন্ন স্তরে আলাপ-আলোচনা, সভা, সংলাপ, গোলটেবিল বৈঠক, সেমিনার, কর্মশালা প্রভৃতি মিথস্ক্রিয়ামূলক অনুষ্ঠানের আয়োজন করা এবং এসব অনুষ্ঠানে সংশ্লিষ্ট পর্যায়ের জনঅংশগ্রহণ উদ্বুদ্ধ করা;
- মর্যাদা লঙ্ঘন ও প্রতিষ্ঠা সংক্রান্ত তথ্য-উপাত্ত সংগ্রহে গবেষণা পরিচালনা করা অথবা গবেষণা পরিচালনায় কারিগরী সহায়তার যোগান দেওয়া;
- সব ধরনের প্রাতিষ্ঠানিক অন্যায়-অবিচার, অবহেলা, অপমান, অসম্মান, অবমাননা, বিদ্বেষাত্মক ভাষা, উচ্চারণ ও আচরণ বর্জন করে মর্যাদার সংস্কৃতি নির্মাণে অহিংস ও শান্তিপূর্ণ সামাজিক আন্দোলন গড়ে তোলা; এবং
- প্রয়োজনীয় নীতি বা আইন সংস্কার বা প্রণয়নের জন্য ইস্যু-ভিত্তিক অ্যাডভোকেসি ক্যাম্পেইন পরিচালনা করা এবং ইস্যুর পক্ষে জনমত তৈরি করা।

সাংগঠনিক তথ্য

- যে কোনো আত্মহী ব্যক্তি ও সংগঠন ফোরামের সদস্য হতে পারবেন। সদস্য হওয়ার জন্য ফোরামের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। সদস্য ফরম যথাযথভাবে পূরণ ও অনুমোদন সাপেক্ষে আবেদনকারী সদস্যপদ লাভ করতে পারবেন।
- ফোরামের আবেদন ফরম কিনতে হয় না বা সদস্য হতে কোনো চাঁদা লাগে না।

আরও তথ্য পেতে আমাদের সাথে যোগাযোগ করুন।

